

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৯৬৩

ধর্মনগর, ২৮ নভেম্বর, ২০২৪

উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সাধারণ সভা

উত্তর ত্রিপুরা জিলা পরিষদের এক সাধারণ সভা আজ অনুষ্ঠিত হয়। জিলা পরিষদের সভাকক্ষে আয়োজিত এই সভায় সভাপতিত্ব করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি অপর্ণা নাথ। এদিনের আয়োজিত সভায় এছাড়াও উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরার জেলাশাসক ও সমাহর্তা দেবপ্রিয় বর্ধন ও উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সহকারি সভাপতি ভবতোষ দাস, জিলা পরিষদের অন্যান্য সদস্য, সদস্যা, জেলার বিভিন্ন পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন, জেলা বন আধিকারিক সুমন মল্ল, অতিরিক্ত জেলাশাসক এল দার্লং, বিভিন্ন ব্লকের অতিরিক্ত বিডিও, বিভিন্ন দপ্তরের জেলাস্তরের আধিকারিক প্রমুখ। সভায় জিলা পরিষদের সভাপতি অপর্ণা নাথ বিভিন্ন দপ্তরের আধিকারিকদের আন্তরিকভাবে কাজ করার পরামর্শ দিয়ে বলেন, যাতে এই জেলার মানুষ বেশী করে বিভিন্ন সরকারি প্রকল্পের সুবিধা পেতে পারে সেদিকে নজর রাখতে হবে। সভায় জেলাশাসক দেবপ্রিয় বর্ধন বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজের অগ্রগতি পর্যালোচনা করেন। এদিনের সভায় পূর্ত, স্বাস্থ্য, পানীয়জল ও স্বাস্থ্যবিধি, শিক্ষা, কৃষি, সেচ, গ্রামোন্নয়ন ইত্যাদি বিভিন্ন দপ্তরের কাজের অগ্রগতি পর্যালোচনা করা হয়।

\*\*\*\*\*